বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০০১.১৮- ৮২১৫ তারিখঃ ০৫ /০৩/২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫)	প্রার্থীর বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১।	অগ্নি নির্বাপক মোটর চালক টাকা ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত	১৫(পনের)টি	ক) অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট খ) ভারী যানবাহন চালনা লাইসেন্স গ) উচ্চতা ১৬২.৫ সেন্টিমিটার (৫ ফুট ৪ ইঞ্চি), ওজন ৫০ কেজি এবং বুকের মাপ স্বাভাবিক ৮০ সেন্টিমিটার (৩২ ইঞ্চি) এবং সম্প্রসারিত ৮৬ সেন্টিমিটার (৩৪ ইঞ্চি) ঘ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্স সফল সমাপনের পর নিয়োগ স্থায়ীকরণ।	গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, টাঙ্গাইল, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
২।	মোটর পরিবহন ফিটার ড্রাইভার টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৫(পাঁচ)টি	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট খ) স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত মোটর মেকানিক্স ট্রেড সার্টিফিকেট এবং গ) ভারী যানবাহন চালনা লাইসেন্স।	
৩।	মোটর পরিবহণ চালক টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	২৩(তেইশ)টি	ক) ৮ম শ্রেণি পাশ খ) হালকা ও ভারী যানবাহন চালনা লাইসেন্স।	

শর্তাবলিঃ

০১। প্রার্থীকে আবেদনপত্রের সাথে "চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯"-এর অনুকূলে ২০০/-(দুইশত) টাকার অফেরতযোগ্য বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।

০২। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯-এর বরাবর আগামী ০৪/০৪/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সরাসরি আবেদন জমা প্রদানে আগ্রহী প্রার্থীগণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরের প্রশাসন বিভাগে রক্ষিত তালাবদ্ধ বাক্সে অফিস সময়ের মধ্যে আবেদন জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে MCQ/লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তীতে MCQ/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার/মৌখিক/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।

চলমান পাতা/০২

০৪। প্রার্থীর সদ্য তোলা ০৩(তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্র ও প্রবেশপত্রের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে এবং ১(এক) কপি ছবি সত্যায়িত করে পিন দ্বারা আবেদনপত্রের বাম কোনায় আটকাতে হবে। এছাড়া, আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সকল কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

(ক) নির্ধারিত ছক অনুযায়ী পূরণক�ৃত প্রবেশপত্র।
(খ) ২০০/- টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।
(গ) ডাকটিকিটযুক্ত ফেরৎ খাম।
(ঘ) আবেদনপত্রে উল্লিখিত তথ্যসমূহ প্রমাণের জন্য সরকার অনুমোদিত প্রতিষ্ঠান/স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত কপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
(ছ) ভারী ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত কপি (ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রে কোনো লার্নার ড্রাইভিং লাইসেন্স গ্রহণযোগ্য হবে না) এবং স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত মোটর মেকানিক্স ট্রেড সনদপত্রের সত্যায়িত কপি (সংশ্লিষ্ট পদের জন্য)।
(জ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঝ) মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(ঞ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
(ট) কাগজ-পত্রাদি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে (সত্যায়নকারী কর্মকর্তার সীলে নাম ও পদবি অবশ্যই উল্লেখ থাকতে হবে)

০৫। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময় উপরিল্লিখিত সকল কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে এবং ১(এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৬। খামের উপরে প্রার্থীর নিজের নাম, ঠিকানা, আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম এবং বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রার্থীর আবেদনপত্র A4 আকারের কাগজে হতে হবে এবং প্রবেশপত্র প্রাপ্তির জন্য পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ৯.৫´×৪.৫´ সাইজের ১০(দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত একটি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৭। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৯। প্রার্থীর বয়স ৩১/১২/২০১৮ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির নির্ধারিত কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্রে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১০। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ সিদ্ধান্ত/প্রজ্ঞাপন অনুযায়ী প্রয়োজনীয় মূল কাগজপত্র মৌখিক পরীক্ষা গ্রহণকালে উপস্থাপন করতে হবে এবং ১(এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

১১। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। কর্তৃপক্ষ যে কোনো সময় বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। কর্তৃপক্ষ যে কোনো পদে নিয়োগ স্থগিত বা পরীক্ষার তারিখ পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চলমান পাতা/০৩

১৪। কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ডাকযোগে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। MCQ/লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার সময়সূচী বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে (www.caab.gov.bd) প্রকাশ করা হবে।

১৬। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। নিয়োগকৃতদের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো দপ্তর/বিভাগ/ইউনিট/বিমানবন্দরে পদায়ন করা হবে।

১৮। প্রার্থী কোন তথ্য গোপন করলে এবং পরবর্তীতে তা সনাক্ত হলে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। প্রার্থীকে তাঁর অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে গ্রহণযোগ্য হবে না।

২০। আগ্রহী প্রার্থীকে সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরম স্বহস্তে পূরণ করে/কম্পিউটারে মুদ্রণপূর্বক আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.caab.gov.bd) পাওয়া যাবে।

৫/৩/২০২৯

(মোঃ মিজানুর রহমান)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

৫×৫ সে.মি. ছবি
(সাম্প্রতিক তোলা ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

চাকরির আবেদন ফরম

১.	পদের নামঃ		
২.	বিজ্ঞপ্তির নম্বরঃ	তারিখঃ	দি ন মা স ব ৎ স র
৩.	প্রার্থীর নাম	বাংলায়ঃ	
		ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ	
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বরঃ		(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বরঃ		
৫.	জন্ম তারিখঃ	৬. জন্মস্থান (জেলা) ঃ	
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ	বছর মাস	দিন
৮.	মাতার নামঃ		
৯.	পিতার নামঃ		

	ঠিকানা	বর্তমান	স্থায়ী
১০.	বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ		
	গ্রাম/পাড়া/মহল্লাঃ		
	ইউনিয়ন/ওয়ার্ডঃ		
	ডাকঘরঃ		
	ডাকঘরের কোড নম্বরঃ		
	উপজেলা/থানাঃ		
	জেলাঃ		

১১.	যোগাযোগঃ	মোবাইল/টেলিফোন নম্বরঃ	ই-মেইল (যদি থাকে)ঃ
১২.	জাতীয়তাঃ	১৩.	জেন্ডারঃ
১৪.	ধর্মঃ	১৫.	পেশাঃ

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ		
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ		
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম/ শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ	তারিখঃ	দি ন মা স ব ৎ স র
	ব্যাংকের শাখার নামঃ		
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ	হ্যাঁ / না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর

প্রার্থীর কপি

৫×৫ সে.মি. ছবি
(সাম্প্রতিক তোলা ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

প্রবেশপত্র

আবেদনকারী কর্তৃক পূরণীয়

পদের নাম ঃ

পরীক্ষার্থীর নাম ঃ

পিতা/স্বামীর নাম ঃ

বর্তমান ঠিকানা ঃ

অফিস কর্তৃক পূরণীয়

রোল নম্বর ঃ

পরীক্ষার কেন্দ্রের নাম ঃ

পরীক্ষার তারিখ ঃ

পরীক্ষার সময় ঃ

উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বিশেষ নির্দেশাবলি ঃ

০১। এম.সি.কিউ/লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এই প্রবেশপত্রটি সংগে আনতে হবে।

০২। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। পরীক্ষা শুরুর পর কোনো প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।

০৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

০৪। পরীক্ষায় প্রবেশপত্র, বলপেন/কলম ব্যতীত যে কোনো ধরণের বই, খাতা, যে কোনো ধরণের ব্যাগ, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল, ইলেকট্রনিক্স ঘড়ি ইত্যাদি) সঙ্গে আনতে পারবেন না।

০৫। পরীক্ষার তারিখ, সময় ও ফলাফল বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.caab.gov.bd) প্রকাশ করা হবে।

০৬। পরীক্ষার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিজ শিক্ষাগত যোগ্যতা, নম্বরপত্র, অভিজ্ঞতা এবং আবেদনের সাথে দাখিলকৃত অন্যান্য সকল সনদপত্রের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

০৭। কর্তৃপক্ষ পরীক্ষা বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

অফিস কপি

৫×৫ সে.মি. ছবি
(সাম্প্রতিক তোলা ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

প্রবেশপত্র

আবেদনকারী কর্তৃক পূরণীয়

পদের নাম ঃ

পরীক্ষার্থীর নাম ঃ

পিতা/স্বামীর নাম ঃ

বর্তমান ঠিকানা ঃ

অফিস কর্তৃক পূরণীয়

রোল নম্বর ঃ

পরীক্ষার কেন্দ্রের নাম ঃ

পরীক্ষার তারিখ ঃ

পরীক্ষার সময় ঃ

উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ